ইত্তেফাক

তারিখ ... 23/4/78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2

# সরকারী কর্মচারীদের নয়া বেতন কাঠামো সম্পর্কে প্রেসনোট

গতরাতে (শনিবার) এক সরকারী প্রেসনোটে বলা হয়ঃ বেতন ও সার্ভিস কমিশনের রিপোর্ট পেশ করার সময় হইতেই সকল শ্রেণীর সরকারী কর্মচারীর সার্ভিস ও বেতনের স্কেল পুনর্গঠনের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

অত্যন্ত সতর্ক বিচার-বিবেচনার মাধ্যমে নূতন কাঠামো নির্ধারণ করা হইয়াছে। এই প্রক্রিয়ায় কর্মচারীদের প্রতিনিধিদের মতামত প্রদানের পূর্ণ সুযোগ দেওয়া হইয়াছে। নীচে সন্নিবেশিত তালিকা, তথ্য ও পরিসংখ্যানে দেখা যাইবে যে, সরকারী পরিমণ্ডলে কারিগরি, পেশাদার ও প্রশাসনিক সার্ভিসের ভূমিকার সহিত সঙ্গতি রাখিয়া তাহাদের বৈধ আশা-আকাংক্ষা প্রতিফলনের উদ্দেশ্যে নূতন সার্ভিস কাঠামোতে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হইয়াছে।

সরকারের সীমিত সম্পদের আওতায় বিভিন্ন সার্ভিসের বৈধ স্বার্থ সংরক্ষণে সরকার শেষপ্রান্ত পর্যন্ত গমন করিয়াছেন।

সার্ভিসের গ্রেড ব্যবস্থা অপসারণ করা হইয়াছে। বিভিন্ন সার্ভিসের আবেদনের পরিপ্রেক্ষিতে ১৯৭৫ সালের ৭ই ডিসেম্বরের সরকারী সার্কুলার নং ৩(৬০)/৭৫-সিডি (এডি এম) বাতিল করা হইয়াছে।

উপযুক্ত ক্ষেত্রে বিভাগ/এজেন্সী/

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নয়া বেতন কাঠামো

(১ম পৃঃ পর)

প্রতিষ্ঠান প্রধানদের সরকারের সেক্রেটারীর বেতন ও মর্যাদা দেওয়া যাইবে। উপদেষ্টা পরিষদের একটি কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবেন। সংশ্লিষ্ট ব্যক্তিদের যোগ্যতা ও পটভূমি এবং তাঁহাদের পদের সহিত সংশ্লিষ্ট দায়িত্ব বিবেচনার পর একক ভিত্তিতেই এই সিদ্ধান্ত নেওয়া হইবে। সরকার আশা করেন যে, সরকারী কর্মচারীরা সমঝোতা ও আপোষের মনোভাব সহকারে নূতন ফয়সালা মানিয়া লইবেন। এই দৃষ্টিভঙ্গীতেই সমগ্র বিষয়টি বিচার-বিবেচনা করা হইয়াছে। সরকার আরও আশা করেন যে, জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রায় প্রতিকূল প্রভাব পড়ার মত কোন ব্যবস্থা কেহ গ্রহণ করিবেন না।

তারকা চিহ্নিত স্কেলসমূহ সম্পর্কে প্রেসনোটে বলা হয়, মহকুমা হাকিম, মহকুমা পুলিশ অফিসার, সাবডিভিশনাল মেডিক্যাল, কৃষি, পশুপালন, ইঞ্জিনিয়ার পদগুলিতে ৪ বৎসরের চাকুরী শেষ হইলে ১১৫০-১৮০০ টাকার বেতনের হার দেওয়া হইবে। যাহাদের চাকুরী চার বৎসরের কম কিন্তু তিন বৎসরের বেশী তাহাদিগকে ৯০০-১৬১০ টাকার স্কেল দেওয়া হইবে। যাহাদের চাকুরীর বয়স আরও কম তাহারা তিন বৎসর শেষ না হওয়া পর্যন্ত ৭৫০-১৪৭০ টাকা স্কেল পাইবেন।

বিশেষ দ্রষ্টব্য ঃ ৭৫০-১৪৭০ টাকা স্কেলের শতকরা ২০ ভাগ পদের চাকুরীর বয়স তিন বৎসর পূর্ণ হইলে স্কেল ৯০০-১৬১০ টাকায় উন্নীত হইবে।

### স্বাস্থ্য

| পদ | ৭৩ পূর্ব স্কেল | ৭৩ পরবর্তী জাঃ স্কেল | বর্তমান নয়া জাঃ স্কেল |
|---|---|---|---|
| ডিরেক্টর | ২২০০-২৬০০ | — | ২৮৫০ |
| ডিরেক্টর আই.পি.জি.এম | ১৮০০-২২০০ | — | ২৮৫০ |
| এডিশনাল ডিরেক্টর | ১৮০০-২২০০ | — | ২৩৫০-২৭৫০ |
| ডেপুটি | ১৩০০-১৭৫০ | — | ১৮৫০-২৩৫০ পূর্বে প্রাপ্ত ২১০০-২৬০০ স্কেল সংরক্ষণ করা হইবে) |
| সহকারী " সি.এস/এ.সি.এস. | ৭০০-১২৫০+ টি-পি ১০০<br>৭০০-১০৫০ | — | ১৪০০-২০০০ |
| ডেঃ সিভিল সার্জন | ৩২৫-৮৫০+ টি-পি ৫০ | — | ১১৫০ ১৮০০ |
| মহকুমা মেডিক্যাল অফিসার | ৩২৫-৮২৫+ টি, পি ৫০ | — | ১১৫০-১৮০০* |
| থানা স্বাস্থ্য প্রশাসক | ৩২৫-৮৫০+ টি, পি ৫০ | — | ৯০০-১৬১০ |
| সহকারী সার্জন | ৩২৫-৮৫০+ টি, পি ৫০ | ৪৭৫-১২৭৫ | ৭৫০-১৪৭০ |

### প্রকৌশলী

| পদের নাম | '৭৩ পূর্ব, | '৭৩ পরবর্তী জাতীয় স্কেল | এখনকার স্কেল |
|---|---|---|---|
| সি, ই, (পিডব্লিউডি)/ সি, ই, (আরএণ্ড ইচ)। | ২১০০-২৬০০ | — | ২৮৫০ |
| [illegible] সি, ই, (পিএইচইএইচএস/পিসি) ডিরেক্টর/সি এইচ প্ল্যানার (ইউ ডি)। | ২১০০-২৬০০ | — | ২৩৫০-২৭৫০ |
| এডিশনাল সি, ই, | ১৮০০-২২০০<br>২০০০-২২০০+ এসপি ১০০ | —<br>— | ২৩৫০-২৭৫০ |
| ডেপুটি সি, ই, | ১৩০০-১৭৫০+ এসপি ২০০ | — | ২১০০-২৬০০ |
| সুপারিনটেণ্ডেণ্ট ইঞ্জিনিয়ার। | ১৩০০ ১৭০০<br>১৭০০-১৯০০<br>১৩০০-১৭৫০ | — | ১৮৫০-২০৭৫ |
| নির্বাহী প্রকৌশলী। | ৭৫০-১২৫০+ টিপি ১০০<br>৭৫০-১৫০০+ টিপি ১০০ | — | ১৪০০-২০০০ |
| সাবডিভিশনাল ইঞ্জিনিয়ার। | ৪৫০-১০০০+ টিপি ৫০<br>৩৫০-১০০০+ টিপি ৫০<br>৩৫০-৯২৫ | ৪৭৫-১২৭৫ | ১১৫০-১৮০০* |
| এসিসট্যাণ্ট ইঞ্জিনিয়ার। | ৩৫০-১০০০+ টিপি ৫০ | ৪৭৫-১২৭৫ | ৭৫০-১৪৭০ |

### রেলওয়ে

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান/জেনারেল ম্যানেজার | ২৭৫০ | — | ২৮৫০ |
| মেম্বার/ডেপুটি জেনারেল ম্যানেজার | ২৩০০-২৬০০ | — | ২৮৫০ |
| বিভাগীয় প্রধান | ২০০০-২২০০ | — | ২৩০০-২৬০০ |
| সেক্রেটারী/ডিভিশনাল সুপারেনটেনডেন্ট/ ইঞ্জিনিয়ার-ইন চীফ/ চীফ ব্রীজ ইঞ্জিনিয়ার/ চীফ অফিসার, মেকানিক্যাল এণ্ড ষ্টোর্স/চীফ পার্সোনাল অফিসার | ১৬০০-১৭০০+ এসপি ২৭৫/১৫০ | — | ২১০০-২৬০০ |
| ডেপুটি চীফ অফিসার | ১৬০০-১৭০০ | — | ১৮৫০-২৩৫০ |
| ডিভিশনাল অফিসার | ৭৫০-১৫০০+ টিপি-১০০<br>৭৫০-১৫০০ | — | ১৪০০-২০০০ |
| এসিসটেন্ট অফিসার | ৪৫০-১০০০+ টিপি-৫০<br>৪৫০-১০০০<br>৩৫০-৯২৫ | ৪৭৫-১২৭৫ | ৭৫০-১৪৭০ |

### কৃষি

| | | | |
|---|---|---|---|
| ডিরেক্টর (৩টি পদ) | ১৭০০-২১০০ | — | ২৮৫০ |
| ডিরেক্টর (৮টি পদ) | ১৪৫০-১৭৫০<br>১৬০০-১৭০০<br>১৭০০-২১০০<br>১৬০০-১৮৫০ | — | ২৩৫০-২৭৫০ |
| এডিশনাল ডিরেক্টর | ১৬০০-১৮৫০ | — | ২৩৫০-২৭৫০ |
| রিজিওনাল ডিরেক্টর | ১৬০০-১৮৫০ | — | ২১০০-২৬০০ |
| এগ্রি-বি এইচ এ এস অফিসার | | | |
| ক) ডেপুটি ডিরেক্টর এবং সমতুল্য পদ | ৪৫০-১২৫০+ টিপি-১০০ | — | ১৮৫০-২০৭৫ |
| খ) জেলা সম্প্রসারণ কর্মকর্তা | ৪৫০-১২৫০+ টিপি-১০০ | — | ১৪০০-২০০০ |
| এগ্রি-বি এ এস-১ ; | | | |
| ক) জেলা কৃষি কর্মকর্তা | ৩৫০-৯২৫+ টিপি-৭৫ | — | ১৪০০-২০০০ |
| খ) মহকুমা কৃষি কর্মকর্তা | ৩৫০-৯২৫+ টিপি-৭৫ | — | ১১৫০-১৮০০* |
| এগ্রি-বিএএস (জুনিয়র) | | | |
| ক) মহকুমা কৃষি কর্মকর্তা | ৩০০-৬৭৫+ টিপি-৫০ | ৪৭৫-১২৭৫ | ১১৫০-১৮০০* |
| খ) থানা সম্প্রসারণ কর্মকর্তা | ৩০০-৬৭৫+ টিপি-৫০ | ৪৭৫-১২৭৫ | ৭৫০-১৪৭০ |

### পশুপালন

| | | | |
|---|---|---|---|
| ডিরেক্টর | ১৪৫০-১৭৫০ | — | ২৮৫০ |
| এডিশনাল ডিরেক্টর | ১৩০০-১৬০০ | — | ২১০০-২৬০০ |
| ডেপুটি ডিরেক্টর | ৪৫০-১২৫০+ টিপি-১০০ | — | ১৮৫০-২০৭৫ |
| জেলা পশুপালন কর্মকর্তা ও সমতুল্য মানের | ৩৫০-৯২৫+ টিপি-৭৫ | — | ৭৫০-১৪৭০ |
| মহকুমা পশুপালন কর্মকর্তা | ৩৫০-৯২৫+ টিপি-৭৫<br>৩০০-৬৭৫+ টিপি-৫০ | — | ১১৫০-১৮০০* |
| থানা পশুপালন কর্মকর্তা | ৩০০-৬৭৫+ টিপি-৫০ | ৪৭৫-১২৬৫ | ৭৫০-১৪৭০ |

### জেনারেল এডমিনিষ্ট্রেশন

| | | | |
|---|---|---|---|
| কমিশনার | ২৩০০-২৬০০ | — | ২৮৫০ |
| এডি কমিশনার | ৮৫০-১৬৫০+ [illegible] | — | ২১০০-২৬০০ |
| ডেপুটি কমিশনার | ৮৫০-১৬৫০+ এস পি ১৬৫ | — | ১৭০০-২২২৫ |
| এডি ডেপুটি কমিশনার | ৮৫০-১৬৫০ | — | ১৪০০-২০০০ |
| এসডিও | ৩৭৫-১০৫০<br>৫০০-১০০০<br>এসপি ১২৫ | — | ১১৫০-১৮০০* |
| ডেপুঃ ম্যাজিষ্ট্রেট/ এসিষ্টঃ কমিশনার/ আপ গ্রেডেড সি, ও, | ৩৭৫-১০৫০<br>৫০০-১০০০ | ৪৭৫-১২৭৫ | ৭৫০-১৪৭০ |